# জাতীয় স্মৃতিসৌধে প্রধানমন্ত্রী তারেক রহমানের শ্রদ্ধা নিবেদন



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমান মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের স্মরণে সাভারের জাতীয় স্মৃতিসৌধে ফুলেল শ্রদ্ধা জানান। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১১টার দিকে তিনি স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন এবং এক মিনিট নীরবতা পালন করেন।

পরে নবগঠিত মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে নিয়ে আবারও শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী। তিনি স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন এবং দেশের ১১তম প্রধানমন্ত্রী হিসেবে আনুষ্ঠানিকভাবে নাম লিপিবদ্ধ করেন। প্রথা অনুসারে স্মৃতিসৌধ প্রাঙ্গণে একটি গাছও রোপণ করেন তিনি।

শ্রদ্ধা নিবেদন শেষে তিনি রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত চন্দ্রিমা উদ্যানে গিয়ে বাবা সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও মা সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবর জিয়ারত করবেন। এরপর দুপুরে সচিবালয়ে পৌঁছে বিভিন্ন বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে তার।

LENS ASIA